

## বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়  
আগারগাঁও, ঢাকা  
নির্বাচন সহায়তা-২ শাখা  
www.ecs.gov.bd

নং ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৯.২২-৪৩৫

তারিখঃ ১১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ  
২৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ

### পরিপত্র

**বিষয়ঃ জেলা পরিষদ সাধারণ নির্বাচন, ২০২২ এ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণ সাময়িক বরখাস্ত হলে তাদের ক্ষেত্রে নির্বাচক মডুলীর তালিকা প্রণয়ন প্রসঙ্গে।**

জেলা পরিষদ সাধারণ নির্বাচন, ২০২২-এ নির্বাচক মডুলীর তালিকায় সাময়িক বরখাস্ত হওয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণের নাম নির্বাচক মডুলীর তালিকায় অন্তর্ভুক্তকরণ বিষয়ে মাননীয় নির্বাচন কমিশন নিম্নরূপ ব্যাখ্যা অনুমোদন করেছেনঃ

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এবং স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুযায়ী যেহেতু নির্বাচিত জনপ্রতিনিধিগণকে সাময়িক বরখাস্ত করা হলে তাদের সংশ্লিষ্ট পদ শূন্য হওয়ার বিধান নেই; সেহেতু সিটি কর্পোরেশন-এর মেয়র ও কাউন্সিলরগণ, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণ, পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণ সাময়িক বরখাস্ত হলেও তাদের জেলা পরিষদ নির্বাচনে নির্বাচক মডুলীর সদস্য হতে আইনগত কোন বাধা নেই। তবে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ অনুযায়ী যেহেতু ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যান বা সদস্যগণ সাময়িক বরখাস্ত হলে তাদের সংশ্লিষ্ট পদটি শূন্য হওয়ার বিধান রয়েছে; সেহেতু ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণ সাময়িক বরখাস্ত হলে তাদের জেলা পরিষদ নির্বাচনে নির্বাচক মডুলীর সদস্য হওয়ার আইনগত কোন সুযোগ নেই।

০২। বর্ণিত ব্যাখ্যা মোতাবেক জেলা পরিষদ সাধারণ নির্বাচন, ২০২২-এ নির্বাচক মডুলীর তালিকায় সাময়িক বরখাস্ত হওয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণের নাম নির্বাচক মডুলীর তালিকায় অন্তর্ভুক্তকরণ না করে নির্বাচক মডুলীর ভোটার তালিকা প্রণয়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার  
.....সকল।

১১.০৯.২০২২  
মোঃ আব্দুল হালিম খান  
উপসচিব (নিঃসঃওসঃ)  
ফোন# ০২-৫৫০০৭৫১৬

নং ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৯.২২-৪৩৫

তারিখঃ

১১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ  
২৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়]

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা
- ০২। মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ০৩। যুগ্ম-সচিব ..... (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৪। বিভাগীয় কমিশনার.....(সকল)
- ০৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .....(সকল)
- ০৬। জেলা প্রশাসক ..... (সকল)
- ০৭। সিস্টেম ম্যানেজার (আইসিটি), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৮। সিস্টেম ম্যানেজার, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ০৯। উপসচিব .....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১০। সিস্টেম এনালিস্ট, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ১১। উপজেলা নির্বাহী অফিসার..... (সকল)
- ১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা ( সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৩। উপজেলা/থানা নির্বাচন অফিসার..... (সকল)
- ১৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১.০৯.২০২২  
মোঃ মোশাররফ হোসেন  
সহকারী সচিব (নিঃসঃ-২)